১৩/১১/২০০৩

তারিখ ... ... ... ... ... ... ...

# সা'দত বিশ্ববিদ্যালয় কলেজে মাস্টার্স পরীক্ষা কেন্দ্র বাতিল বিক্ষোভ সড়ক অবরোধ

**জাফর আহমেদ**, *টাঙ্গাইল থেকে*

কলেজ অধ্যক্ষ প্রহৃত হওয়ার ঘটনায় শিক্ষকদের নিরাপত্তাহীনতার কারণে করটিয়া সা'দত বিশ্ববিদ্যালয় কলেজের মাস্টার্স শেষ পর্বের পরীক্ষার কেন্দ্র জাতীয় বিশ্ববিদ্যালয় বাতিল করে দিয়েছে। জেলা প্রশাসন ও কলেজ কর্তৃপক্ষ টাঙ্গাইল শহরের বিন্দুবাসিনী সরকারি উচ্চ বালক ও বালিকা বিদ্যালয়ে এই পরীক্ষা গ্রহণের ব্যবস্থা নিয়েছে। এ খবর কলেজে পৌছার পর বিক্ষুব্ধ ছাত্ররা সোমবার সকাল সাড়ে ৯টা থেকে ঢাকা-টাঙ্গাইল মহাসড়কের করাতিপাড়ায় বেলা ১২টা পর্যন্ত অবরোধ সৃষ্টি করে। এই অবরোধের কারণে উত্তরাঞ্চলের ১৬টি জেলাসহ ২০টি জেলার ৯২টি রুটে আড়াই ঘণ্টা যানবাহন চলাচল বন্ধ থাকে। এতে রাস্তার উভয় দিকে যানবাহনের দীর্ঘ লাইন পগে যায়।

১৫ অক্টোবর ছাত্র নামধারী কতিপয় সন্ত্রাসী সা'দত বিশ্ববিদ্যালয় কলেজের অধ্যক্ষ মোঃ সুলতান মিয়াকে প্রকাশ্যে নির্দয়ভাবে প্রহার করে মারাত্মক আহত করে। এ ঘটনায় শিক্ষক পরিষদ এক জরুরি সভায় মিলিত হয়ে শিক্ষকদের নিরাপত্তা, সন্ত্রাসীদের গ্রেফতার অন্যথায় গণবদলির সিদ্ধান্ত নিয়ে ১৬ অক্টোবর থেকে অনির্দিষ্টকালের জন্য কলেজ বন্ধ করে দেয়। এ অবস্থায় জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে সাব-সিডিয়ারি পরীক্ষা টাঙ্গাইল শহরের সরকারি কুমুদিনী কলেজে অনুষ্ঠিত হচ্ছে। আগামী ১৭ নভেম্বর থেকে অনুষ্ঠিতব্য মাস্টার্স শেষ পর্বের পরীক্ষায় কলেজের প্রায় দেড় হাজার পরীক্ষার্থীর পরীক্ষা টাঙ্গাইল শহরের বিন্দুবাসিনী স্কুলে অনুষ্ঠানের প্রস্তুতি গ্রহণ করা হয়েছে।

মাস্টার্স শেষ পর্বের পরীক্ষার কারণে বিন্দুবাসিনী সরকারি উচ্চ বালক বিদ্যালয়ের ১৫ নভেম্বর থেকে অনুষ্ঠিতব্য বার্ষিক পরীক্ষার সময়সূচি পরিবর্তন করা হয়েছে। পরীক্ষার অনুকূল পরিবেশ না থাকায় কেন্দ্র বাতিল করা হয়েছে বলে জেলা প্রশাসক জানান।